"ছেলে হোক, মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার,ঢাকা-১২১৫।

স্মারক নং- পপঅ/প্রশা-১/৩য়-৪র্থ/নিয়োগ-২৬৫/২০১৫/ ৪৬২

তারিখ : ২৯ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ
১১ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রি.

## নিয়োগপত্র

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪/১১/২০১০খ্রিঃ তারিখের ০৫.১৬৬. ০২২.০০.০০.০৪৪.১৯৮৮-১৩৫৬ নম্বর পরিপত্র এর আলোকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৪.০৫.২০১৫ খ্রিঃ তারিখের ৪৫.১৬৯.০১১.০০.০০.০২০.২০১৪-১৬৩ নম্বর স্মারকে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান করা হয়। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২৯.০১.২০১৭ খ্রি.তারিখের ৪৫.১৬৯.০১১.০০.০০. ০২০.২০১৪-১২ নম্বর স্মারকে ছাড়পত্রের মেয়াদ ৩১.১২.২০১৭ পর্যন্ত বর্ধিত করা হয়। পরবর্তীতে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ২৪.০৬.২০১৮ খ্রি. তারিখের ৫৯.০০.০০০০.১১০.১১.০১৪.১৭-২৩৩ নম্বর স্মারকে জনবল নিয়োগের ছাড়পত্রের মেয়াদ ৩০.০৬.২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়।

২। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ০৪.০৫.২০১৫ খ্রিঃ তারিখের পপঅ/প্রশা-১/নিয়োগ-২৬৮/২০১৫/১০২৬ নম্বর স্মারকে নিয়োগ বিজ্ঞপ্তি জারী করা হয়। পরবতীতে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করা হয়, তদানুযায়ী পরিবার পরিকল্পনা অধিদপ্তরের নিয়োগ/ বাছাই কমিটির (DPC) ১০.০১.২০১৯ খ্রিঃ তারিখের সভার সুপারিশক্রমে নিম্নেবর্ণিত ০১ (এক) জন প্রার্থীকে **"মূল্যায়ন সহকারী"** পদে জাতীয় বেতন স্কেল' ২০১৫ এর ১৪ তম গ্রেড ১০২০০-২৪৬৮০/- টাকা বেতনক্রমে রাজস্বখাতে অস্থায়ী ভিত্তিতে শর্তস্বাপেক্ষে শূন্য পদে নিয়োগ প্রদান করা হ'ল :

| রোল নম্বর | নাম, পিতা / স্বামীর নাম | স্থায়ী ঠিকানা | যোগদানের স্থান |
|---|---|---|---|
| ১৫৫১৪০০১ | বাঁধন নংমিন<br>পিতা: রুবেন দারিং | গ্রাম-সন্যাসীপাড়া, ডাকঘর-বরুয়াকোনা<br>উপজেলা-কলমাকান্দা, জেলা-নেত্রকোনা। | আইইএম ইউনিট,<br>পরিবার পরিকল্পনা অধিদপ্তর। |

শর্তাবলী :

১। তাঁর নিজের ব্যবস্থাধীনে সংশ্লিষ্ট সিভিল সার্জন কর্তৃক শারীরিক যোগ্যতা সম্পর্কে প্রদত্ত সনদপত্র চাকুরীতে যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারী দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করতে পারবেন।

২। **যোগদানের সময় ০৪(চার) সেট পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণপূর্বক যোগদানপত্র গ্রহণকারী কর্তকর্তার নিকট দাখিল করতে হবে। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট না পাওয়া পর্যন্ত বার্ষিক বর্ধিত বেতন মঞ্জুর এবং চাকুরি স্থায়ী করা যাবে না।**

৩। চারিত্রিক ও পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

৪। যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে। যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য তিনি শিক্ষানবিশ হিসাবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ চাকুরী বিলোপ ঘটাতে পারবেন।

৫। চাকুরীতে যোগদানের সময় তাঁর শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য সকল সদনপত্রের সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে।

৬। সরকারী নিয়ম অনুযায়ী সময় সময় যে সকল পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে, সে সকল পরীক্ষা ও প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে।

৭। স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন গড়মিল প্রমাণিত হলে কিংবা কোন অসত্য তথ্য প্রদান করে নিয়োগ প্রাপ্ত হয়েছেন মর্মে প্রমাণিত হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

৮। নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে এ নিয়োগ সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

৯। তাঁর চাকুরী পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আওতাধীন যে কোন প্রতিষ্ঠানে বদলীযোগ্য।

১০। পদায়নকৃত কর্মস্থলে কমপক্ষে ০২ (দুই) বছর চাকুরি করতে হবে। উক্ত সময়ের পূর্বে বদলির যে কোন তদবির সন্তোষজনক চাকুরির পরিপন্থি হিসেবে বিবেচিত হবে যা ০৪ (চার) নম্বর শর্তের সাথে সম্পৃক্ত।

১১। উপর্যুক্ত শর্তাবলীর আওতায় এ নিয়োগপত্র গ্রহণে সম্মত থাকলে আগামী ২৮/০২/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলের সংশ্লিষ্ট পরিচালক (আইইএম) বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। উক্ত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

১২। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ০৪/০৫/২০১৫ খ্রিঃ তারিখের পপঅ/প্রশা-১/নিয়োগ-২৬৮/২০১৫/১০২৬ নম্বর স্মারকে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক নিয়োগ প্রক্রিয়া আরম্ভ করা হয়। Ministry of Cabinet Affairs, Establishment Division Section-ED/JV এর ২১/১২/১৯৭৪ খ্রিঃ তারিখের ED/JV-৩৪/৭৪-২০ নম্বর স্মারক মোতাবেক " নিয়োগ প্রক্রিয়ায় বিলম্বের কারণে চাকরিতে প্রবেশের নির্ধারিত বয়সসীমা অতিক্রম করলে অতিরিক্ত বয়স প্রমার্জিত বলে গণ্য হবে " ।

১৩। পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন নির্ধারিত রাজস্ব বাজেট বরাদ্দ হতে বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন।

১৪। চাকুরীতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারী করা হ'ল।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে।

১১/০২/২০১৯

( মোঃ রমজান আলী )
যুগ্ম সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ ও
পরিচালক (প্রশাসন)

চলমান পাতা-০২

স্মারক নং- পপঅ/প্রশা-১/৩য়-৪র্থ/নিয়োগ-২৬৫/২০১৫/৪৬২/১(২৫) তারিখ ঃ ২৯ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ / ১১ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল ঃ

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ইনস্টিটিউট (নিপোর্ট), আজিমপুর, ঢাকা।

৩। পরিচালক/ লাইন ডাইরেক্টর (সকল) ---------------------------------------------------------------- এ অধিদপ্তর।

৪। **পরিচালক (আইইএম), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা। আপনার ইউনিটে নবযোগদানকৃত কর্মচারীর পুলিশ ভেরিফিকেশন কার্যক্রম সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক প্রতিবেদন প্রাপ্তির পর উক্ত প্রতিবেদনের এক কপি পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।**

৫। পরিচালক, পরিবার পরিকল্পনা, ..............................................................বিভাগ।

৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, হিসাব মহানিয়ন্ত্রক ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

৭। সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয় ---------------------------------------------- জেলা।

৮। উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল), --------------------জেলা।

৯। সিনিয়র এসাইনমেন্ট অফিসার, জনপ্রশাসন মন্ত্রণালয়, সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগ, টিম-১০ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১০। বৈশাখী চৌধুরী, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, এমআইএস ইউনিট, এ অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল)।

১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এ অধিদপ্তর।

১২। জনাব বাঁধন নংমিন, পিতাঃ রুবেন দারিং, গ্রাম-সন্যাসীপাড়া, ডাকঘর-বরুয়াকোনা, উপজেলা-কলমাকান্দা, জেলা-নেত্রকোনা।

১৩। অফিস কপি।

১১/০২/২০১৯

( মোঃ ইফতেখার রহমান )
উপপরিচালক (পার্সোনেল)
ফোন ঃ ০২-৫৮১৫৬৬৮৬।